



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয়ঃ বাসা নং-৩৪৬/২, ঢোলাদিয়া রোড(কাঠগোলা বাজার), ময়মনসিংহ।

ফোনঃ ০৯১-৫৩৩৩৪, ০৯১-৫১৮০৭, E-mail : chairmanbisemym@gmail.com,

www.mymensingheducationboard.gov.bd

স্মারক নংঃ ময়শিবো/পনি/মাধ্য/১০/০২/১৯/৩০

তারিখঃ ০৪/০৪/২০২৩ খ্রিঃ

বিষয়ঃ ২০২৩ সনের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষার মূল উত্তরপত্র, অতিরিক্ত উত্তরপত্র, ব্যবহারিক উত্তরপত্র ও অন্যান্য সরঞ্জামাদি কেন্দ্রে সরবরাহ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৩ সনের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষা পরিচালনার জন্য কেন্দ্রের অনুকূলে বরাদ্দকৃত মূল উত্তরপত্র, অতিরিক্ত উত্তরপত্র, ব্যবহারিক উত্তরপত্র ও MCQ এর OMR সহ অন্যান্য আনুসঙ্গিক সরঞ্জামাদি নিম্নের ছকে লিখিত তারিখ অনুযায়ী বিতরণ করা হবে। নির্ধারিত তারিখ সকাল ০৯.৩০ টা হতে দুপুর ১.৩০ মি.এর মধ্যে উল্লিখিত সরঞ্জামাদি গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।


তারিখ	দিন	জেলা ও উপজেলার নাম
০৯/০৪/২০২৩	রবিবার	শেরপুর জেলা
১০/০৪/২০২৩	সোমবার	গৌরিপুর, নান্দাইল, ধোবাউড়া, হালুয়াঘাট, ফুলপুর, তারাকান্দা, ঈশ্বরগঞ্জ
১১/০৪/২০২৩	মঙ্গলবার	ময়মনসিংহ সদর, ফুলবাড়ীয়া, মুক্তাগাছা, ভালুকা, ত্রিশাল, গফরগাঁও
১২/০৪/২০২৩	বুধবার	জামালপুর জেলা
১৩/০৪/২০২৩	বৃহস্পতিবার	নেত্রকোণা জেলা

উল্লিখিত তারিখে সরঞ্জামাদি কেন্দ্র সচিব নিজে অথবা তাঁর প্রাধিকারপ্রাপ্ত একজন শিক্ষক (যিনি পরীক্ষা পরিচালনা কমিটির সাথে সংশ্লিষ্ট)-এর মাধ্যমে গ্রহণ করতে হবে। কোন অবস্থাতেই শিক্ষক ব্যতীত অফিস সহকারী অথবা অন্য কাউকে প্রাধিকারপত্র প্রদান করা যাবে না। প্রধান শিক্ষক/অধ্যক্ষ অথবা ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক/অধ্যক্ষের বেলায় সরঞ্জামাদি গ্রহণের আবেদনপত্রে কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার (জেলা পর্যায়ে ডিসি ও উপজেলা পর্যায়ে ইউএনও) প্রতিস্বাক্ষর থাকতে হবে এবং প্রাধিকারপ্রাপ্ত শিক্ষকের বেলায় প্রাধিকার (Authorised) পত্রে কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার (জেলা পর্যায়ে ডিসি ও উপজেলা পর্যায়ে ইউএনও) প্রতিস্বাক্ষর থাকতে হবে।

উল্লেখ্য যে, মালামাল গ্রহণের আবেদনের সাথে কেন্দ্র নবায়ন ফি (= ২০০০/-) টাকা জমা দেয়ার সোনালী সেবার রশিদ এবং নতুন কেন্দ্রের ক্ষেত্রে অত্র বোর্ড প্রদত্ত কেন্দ্র অনুমোদনপত্র দাখিল করতে হবে। পরীক্ষা শেষে উদ্বৃত্ত অলিখিত উত্তরপত্র ও অব্যহত প্রশ্নপত্রসহ সকল মালামাল বোর্ড নির্ধারিত তারিখের মধ্যে পরীক্ষা শাখায় জমা দিতে হবে। নির্ধারিত তারিখ বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে।

বি.দ্র: মালামাল গ্রহণের ট্রাকের পাটাতনের জন্য মোটা পলিথিন ও উপরে বৃষ্টি নিরোধক ত্রিপল অবশ্যই থাকতে হবে। অন্যথায় পরীক্ষা সামগ্রী প্রদান করা হবে না।

এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, উপরোল্লিখিত তারিখ গুলোতে এসএসসি/২০২১ পরীক্ষার মূল সার্টিফিকেট গুলো কেন্দ্রের প্রাধিকার প্রাপ্ত শিক্ষক/কেন্দ্র সচিবকে গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(প্রফেসর মো: সামছুল ইসলাম)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ময়মনসিংহ

ফোনঃ ০২৯৯৭৭১০৪৪২

E-mail: conbisemym@gmail.com

প্রাপক: কেন্দ্র সচিব/প্রধান শিক্ষক

ময়মনসিংহ শিক্ষা বোর্ডের আওতাধীন সকল পরীক্ষা কেন্দ্র।


মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষা-২০২৩

স্মারক নংঃ ময়শিবো/পনি/মাধ্য/১০/০২/১৯/৩০

তারিখঃ ০৪/০৪/২০২৩ খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১. জেলা প্রশাসক, ময়মনসিংহ শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেলা ;
২. উপজেলা নির্বাহী অফিসার, ময়মনসিংহ শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা;
৩. উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ ;
৪. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ ;
৫. অফিস কপি।



পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,

ময়মনসিংহ।

ফোনঃ ০২৯৯৭৭১০৪৪২

ই-মেইল: conbisemym@gmail.com